সব নির্বাচনে শেখ হাসিনার সিলেক্টেড প্রার্থীকে বিজয়ী ঘোষণা করে ইসি : রিজভী

চেম্বার ডেস্ক:: অভিনব সন্ত্রাসী কায়দায় ভোটডাকাতির নির্বাচনের জন্য প্রধান নির্বাচন কমিশনার (সিইসি) কেএম নুরুল হুদা ইতিহাসে অমর হয়ে থাকবেন বলে মন্তব্য করেছেন বিএনপির সিনিয়র যুগ্ম মহাসচির রুহুল কবির রিজভী।

মঙ্গলবার রাজধানীর নয়াপল্টনে দলীয় কার্যালয়ে আয়োজিত এক সংবাদ সম্মেলনে তিনি এ মন্তব্য করেন।

রিজভী বলেন, ভোটারদের ভোটাধিকার কেড়ে নেওয়ার অবিচারের কাহিনির প্রধান খলনায়ক কেএম নুরুল হুদা। তিনি সুষ্ঠু নির্বাচনকে লাশ বানিয়ে কফিনে পেরেক মেরেছেন।

‘অবৈধ ক্ষমতাসীনদের স্বার্থসিদ্ধির জন্য অত্যন্ত নিপুণ হাতিয়ার হিসেবে কাজ করে যাচ্ছেন নির্বাচন ও সুষ্ঠু ভোটের শত্রু প্রধান নির্বাচন কমিশনার ও তার খয়ের খাঁ কতিপয় নির্বাচন কমিশনার।’

রিজভী বলেন, নির্বাচন কমিশনার মাহবুব তালুকদার, যিনি সুষ্ঠু নির্বাচনের পক্ষে রয়েছেন তিনি বিবেক যন্ত্রণায় ভুগতে ভুগতে এখন পদত্যাগের কথা বলছেন। তিনি যথার্থই বলেছেন– নির্বাচন ব্যবস্থা এখন গভীর খাদের কিনারে।

সিইসির সমালোচনা করে বিএনপির এ নেতা আরও বলেন, গণতন্ত্রমনা বাংলাদেশিদের আত্মমর্যাদাকে ভূলুণ্ঠিত করেছেন নুরুল হুদা। বর্তমান নির্বাচন কমিশনের অনাচার-দুর্নীতি ও লুটপাটের তথ্য সব ভালোভাবেই সংরক্ষিত আছে। এদের অপকর্মের বিচার হবেই।

নির্বাচন কমিশনার কমিশনের দায়িত্ব নিয়েছেন সুষ্ঠু ভোট করার জন্য নয়, বরং শেখ হাসিনার এজেন্ডা বাস্তবায়ন করতে, বলেন রিজভী।

তিনি আরও বলেন, বাংলাদেশের প্রচলিত আইনে সুষ্ঠু নির্বাচন করার জন্য যথেষ্ট শক্তিশালী বিধান রয়েছে। কিন্তু তারা তাদের নিজেদের ক্ষমতাকে প্রয়োগ না করে শেখ হাসিনার পদলেহনেই ব্যস্ত রয়েছেন।

[illegible]